

📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০৭

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২৯. যে ব্যক্তি বলেন, ইলম হল আল্লাহর ভয় ও তাকওয়া

بَابُ مَنْ قَالَ: الْعِلْمُ: الْخَشْيَةُ وَتَقْوَى اللَّهِ

আরবী

أَخْبَرَنَا أَبُو النُّعْمَانِ، حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ، عَنْ يَزِيدَ بْنِ حَازِمٍ، حَدَّثَنِي عَمِّي جَرِيرُ بْنُ زَيْدٍ أَنَّهُ سَمِعَ تَبِيْعًا يُحَدِّثُ عَنْ كَعْبٍ، قَالَ: «إِنِّي لَأَجِدُ نَعْتَ قَوْمٍ يَتَعَلَّمُونَ لِمَا غَيْرِ الْعَمَلِ، وَيَتَفَقَّهُونَ لِمَا غَيْرِ الْعِبَادَةِ، وَيَطْلُبُونَ الدُّنْيَا بِعَمَلِ الْآخِرَةِ. وَيَلْبَسُونَ جُلُودَ الضَّأْنِ. وَقُلُوبُهُمْ أَمْرٌ مِنَ الصَّبْرِ، فَبِئْسَ يَغْتَرُّونَ، أَوْ إِيَّاي يُخَادِعُونَ؟ فَحَلَفْتُ بِي لِأَتِيْحَنَ لَهُمْ فِتْنَةً تَتْرُكُ الْحَلِيمَ فِيهَا حَيْرَانَ

إِسْنَادُهُ صَحِيحٌ

বাংলা

৩০৭. তুবাইয়া বর্ণনা করেন, কা'ব বলেন: আমি (পূর্ববর্তী কিতাবে) এমন এক জাতির গুণাবলীর বর্ণনা পেয়েছি যারা আমলের উদ্দেশ্যে ব্যতীত অন্য উদ্দেশ্যে ইলম শিক্ষা করবে; ইবাদত ব্যতীত অন্য উদ্দেশ্যে গভীর জ্ঞান (ফিকহ) অর্জন করবে; আখিরাতের আমলের দ্বারা দুনিয়া' (এর ধন-সম্পদ) প্রত্যাশা করবে; ভেড়ার চামড়া পরিধান করবে। আর তাদের হৃদয়সমূহ হবে তেতো গাছ (যথা নিম)-এর তিক্ততার চেয়েও অধিক তিক্ততর। তবে কি তারা আমাকে ধোঁকা দেবে অথবা আমারই সাথে প্রতারণা করবে? আমি আমার সত্তার কসম করে বলছি,[1] অবশ্যই আমি এমন কঠিন ফিতনা তাদের জন্য সহজ করে দেব, যা তাদের মহা ধৈর্য্যশীল বা জ্ঞানী লোকদেরকেও হয়রান করে ছাড়বে।[2]

ফুটনোট

[1] অপর হাদীস, আবু দারদা হতে (খতীব, ফাকীহ ওয়াল মুতাফাককিহ, ২/১৬২; ইবনু আব্দুল বার, জামি' বায়ানিল ইলম ১/২৩১; ইবনু আসাকীর, নং ৮; ইবনু নাজ্জার, যাইলুত তারীখ বাগদাদ ২/৩৭) হতে জানা যায় যে,

এটি মহান আল্লাহ বাণী হিসেবে বর্ণিত হয়েছে। দেখুন, ফতহুল মান্নান শরহে দারেমী, ২য় খণ্ড পৃ: ৪৭৩; ৩১১ নং হাদীসের টীকা)

[২] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: বাইহাকী, শুয়াবুল ইমান নং ১৯১৮; ইবনু আব্দুল বার, জামি' বায়ানিল ইলম নং ১১৪১ মুনকাতি' সনদে।
তবে এর অনেক শাহিদ রয়েছে যা একে শক্তিশালী করে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69618>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন